লক্ষ্মীপাশা যুব সমাজের উদ্যোগে ইফতার মাহফিল ও সংবর্ধনা প্রদান

চেম্বার ডেস্ক::গোলাপগঞ্জের লক্ষ্মীপাশা যুব সমাজের উদ্যোগে ইফতার মাহফিল ও লক্ষ্মীপাশা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহতাব উদ্দিন জেবুলকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার (২১এপ্রিল) স্থানীয় একটি কমিউনিটি সেন্টারে এ ইফতার মাহফিল ও সংবর্ধনা প্রদান করা হয়।

আয়োজিত ইফতার মাহফিল ও সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন গোলাপগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মনসুর আহমদ।

হাফিজ শামীম আহমদ পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সংবর্ধিত অতিথির বক্তব্য দেন লক্ষ্মীপাশা ইউনিয়নের নব নির্বাচিত চেয়ারম্যান মাহতাব উদ্দিন জেবুল।

সমাজসেবক আমির আলীর সভাপতিত্বে ও আজমল আহমদের পরিচালনায় অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন লক্ষীপাশা ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য শান্ত দাশ, ২নং ওয়ার্ড সদস্য সুবেল আহমদ, লক্ষ্মীপাশা ইউনিয়ন সেচ্ছাসেবকলীগ সভাপতি আব্দুর রহীম নান্টু প্রমুখ।

সভায় প্রধান অতিথির বক্তব্যে গোলাপগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান মনসুর আহমদ বলেন লক্ষ্মীপাশা মানুষের সাথে আমার নাড়ির টান রয়েছে। এই এলাকার প্রতিটি অঞ্চলে চষে বেড়িয়েছি। এখানকার মানুষ অত্যান্ত অতিথি পরায়ণ উল্লেখ করে বলেন সব সময় তিনি লক্ষ্মীপাশা মানুষের পাশে রয়েছে।

সংবর্ধিত অতিথির বক্তব্যে চেয়ারম্যান মাহতাব উদ্দিন জেবুল বলেন আপনাদের মহান রায় আমার উপর অর্পিত করেছেন তা আমি আমৃত্যু ঋনি থাকবো। এই ঋন শোধ করার কোন ক্ষমতা আমার নেই। আপনাদের সন্তানতুল্য মনে করে আগলে রাখবেন ও সেবা করার সুযোগ করে দিবেন। তিনি সকলের সহযোগিতা নিয়ে এই ইউনিয়নকে একটি সুন্দর ও মডেল ইউনিয়ন হিসেবে গড়ে তুলার সর্বাত্মক চেষ্টা করবেন বলে বক্তব্যে

উল্লেখ করেন।